


## ব্যান্ডতারকা আশিকুজামান চুলু



পুরোনো দিনের গানগুলো এতই জনপ্রিয় যে, কেউ একটু ভালো করে গাইলেই মানুষের মনে জায়গা করে নেয়। তাই পুরোনো গান কাভার করা মাত্রই একজন নতুন শিল্পী প্রচুর ভিউ পান। তাকে তেমন কষ্টই করতে হয় না।



## সংগীতশিল্পী শারমিন সুলতানা সুমি

‘চিরকুট’ ব্যাডের ২০ বছর পূর্ব কনসার্ট উপলক্ষ্যে ‘কাকতাল’ ব্যান্ডকে আমন্ত্রণ জানিয়েছিলাম গান গাইতে। তারা এমন একটি গান তৈরি করেছে, শোনার পর বারবার চোখ ভিজে আসছে। ‘কাকতাল’ আমাদের ব্যান্ড মিউজিককে নতুন সময় উপহার দিতে চলেছে সন্দেহ নেই।



## সংগীতশিল্পী ইমরুল

উপমহাদেশের অন্যতম সংগীতশিল্পী নচিকেতা। ছেটেবলা থেকে যার গান শুনে বড় হয়েছি। যার গানের গায়কি আমাকে সব সময় মুঝে করে। স্বপ্নেও ভাবিন আমার সুর ও সংগীত করা গান দাদা বাংলাদেশে এসে কোনো প্রোগ্রামে গাইবেন। এটা আমার জন্য অনেক সৌভাগ্যের।

মাটি যেমন কখনো নরম কখনো কঠিন। তেমন মানুষের মনও কখনো কঠিন তো কখনো নরম। তবে একটাই পার্থক্য, কাদা নদী জলের একটা সরল শেকল আছে। কিন্তু মানুষের মনের অনেক শেকল, মনকে নিয়ন্ত্রণ না করতে শিখলে কোনভাবেই সেই শেকলকে সরল করতে পারে না। বিপদে পড়ে যায়।



১৯৯০ সালে যখন গানকে পেশা হিসেবে নিয়েছিলাম, তখনো সিনেমার গানের পাশাপাশি আধুনিক গান বলে একটি বিশেষ ধারা চালু ছিল। নতুন গান প্রকাশিত হলে সে সব নিয়ে লেখালেখি, সমালোচনা হতো। আমাদের কাছে নতুন গান শুনতে চাইতেন শ্রোতারা। কিন্তু আজ তো সেই পরিবেশ নেই।



## সংগীতশিল্পী লোপমুদ্রা মিত্র

পরিবারকে প্রাথমিক দিতে শিখুন। দিন শেষে তারাই আমাদের নিরাপদ আশ্রয়স্থল। সেই সঙ্গে প্রতিটি পরিবারের উচিত তাদের মেয়েশিশুকে ছেট থেকেই তার নিরাপত্তার বিষয়গুলো সম্পর্কে শিক্ষা প্রদান করা।



## কর্তৃশিল্পী পদ্মা



## সংগীতশিল্পী নচিকেতা

আমি এখন নিরাশা নিয়েই বেঁচে থাকি... এখন আমার বাঁচার প্রেরণা আমার মেয়ে। একটা দিন আসবে, যেদিন আমি গাইতে গাইতে স্টেজের মধ্যে মারা যাব এবং তখন আমার মেয়ে দৌড়ে এসে বাবাকে ধরার আগে মাইকটা ধরবে আর আমার অনুষ্ঠানটা শেষ করবে। এই স্বপ্নটা আমি দেখি।



## সংগীতশিল্পী অনুপম রায়

আমরা যখন কাজ করতে শুরু করেছিলাম, তখন সিনেমার ধরন, সুরের ধরন, শব্দচ্যন্ন-সবকিছু নতুন ছিল। সেটা ক্রমেই প্রতিষ্ঠিত হয়। তাই আজকে আমার সুর, কষ্ট, গানের ধরন কেউ যদি অনুকরণ করেন, তিনি সফল হবেন না। কারণ শ্রাতারা নতুন কিছু চান।



## সংগীতশিল্পী বালাম

আমার স্তু ২০১০ সালে অসুস্থ হওয়ার পর গান থেকে বিরতি নিয়েছিলাম। আমি একটু ইন্ট্রোভার্ট মানুষ। সোশ্যাল মিডিয়াল অ্যাকটিভ থাকতাম না। আমার নিজের ওপরই কিছুটা অভিমান ছিল। কিন্তু গান করার না, এটা মাথায় কখনোই আসেনি। যত দিন প্রাণ থাকবে, গান করে যাব।